

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ  
বিভিন্ন অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ৬২.০০ হাজার টাকা জরিমানা

২ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পথের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১০নং মাংসের দোকানকে ১,০০০/- (এক হাজার) টাকা, পথের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে রাজধানী ট্রেডার্সকে ১,০০০/- (এক হাজার) টাকা, অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সানমুন ফুড প্রোডাক্টস ও চায়না সিজলিং রেস্টুরেন্টকে যথাক্রমে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জান্মাত রেঙ্গোরাকে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ৫৬,০০০/- (ছাঞ্চল্লাহ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,০০০/- (এক হাজার) টাকা তৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে রহিম আফরোজ সুপার স্টোর লিমিটেডকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা তৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

আজকের বাজার তদারকিতে ৬টি প্রতিষ্ঠানকে মোট ৬২,০০০/- (বাষটি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীকে মং ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। মহানগর পুলিশ ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

### অনুলিপি (জ্যোত্তার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।